# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩২ বর্ষ ১১-১২তম সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১৬ আষাঢ় ১৪২৫, ৩০ জুন ২০১৮



ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের চেয়ারম্যান ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৭ জুন ২০১৮ নবাব নওয়াব আলী চৌধূরী সিনেট ভবনে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট অধিবেশনে ভাষণ প্রদান করেন ।

### ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বার্ষিক অধিবেশন অনুষ্ঠিত

## ছাত্রনেতৃত্ব ও জাতীয় নেতৃত্বের বিকাশ এবং বিশ্ববিদ্যালয়ের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য ডাকসু নির্বাচন জরুরী- উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের চেয়ারম্যান ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিগ্গিরই ডাকসু নির্বাচন আয়োজনের প্রত্যয় ব্যক্ত করে বলেছেন, ছাত্রনেতৃত্ব ও ভবিষ্যতের জাতীয় নেতৃত্বের বিকাশ এবং বিশ্ববিদ্যালয়ের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে ছাত্র সংসদ নির্বাচন জরুরী। ইতোমধ্যেই ডাকসু নির্বাচনের অনুকূল পরিবেশ তৈরীর উদ্যোগ গ্রহণ করা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, এ লক্ষ্যে ভোটার তালিকা প্রস্তুতেরও কাজ চলছে। গতকাল ২৭ জুন ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বার্ষিক অধিবেশনে সভাপতির অভিভাষণে তিনি এসব কথা বলেন।

অধিবেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনসহ সিনেট সদস্যগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ক্যাম্পাসে শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখার ক্ষেত্রে আরও দায়িত্বশীল হওয়ার জন্য ছাত্র-ছাত্রীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, বাইরের অশুভ শক্তি তরুণদের সৃজনশীল শক্তিকে ভিন্নখাতে প্রবাহিত করার জন্য নানা কৌশল গ্রহণ করতে পারে। এব্যাপারে শিক্ষার্থীদের সচেতন থাকতে হবে। টেকসই ও যুগোপযোগী শিক্ষার বিস্তার ও গবেষণার ক্ষেত্র সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের স্বার্থ সংরক্ষণ ও জ্ঞানের উৎকর্ষ সাধনের লক্ষ্যে সকলকে আন্তরিকভাবে দায়িত্ব পালন করতে হবে। মূল্যবোধ সম্পন্ন মানুষ ও দক্ষ মানব সম্পদ সৃষ্টির লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। বাস্তবতা ও যুগের চাহিদাকে বিবেচনায় নিয়ে পরিকল্পনা গ্রহণ করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়কে বিশ্বমানের শিক্ষা প্রতিষ্ঠানে উন্নীত করতে একাডেমিক ও গবেষণার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে আর্থিক চাহিদা মেটাতে 'ঢাকা ইউনিভার্সিটি ফান্ড' গঠনের ওপর তিনি গুরুত্বারোপ করেন। শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে সরকার ইতোমধ্যেই পূর্বাচলে ৫১.৯৯ একর জমি (২য় পৃষ্ঠায় দেখুন)

## আগামীকাল ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস

আগামীকাল ১লা জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস। দিবসটি উপলক্ষ্যে ক্যাম্পাসে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকাল ১০টায় প্রশাসনিক ভবন সংলগ্ন মলে কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। সেখানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী এবং সংশ্লিষ্ট অন্যান্যরা জমায়েত হবেন। কর্মসূচি অনুযায়ী, জাতীয় পতাকা, ঢাকা বিশ্ববিদ্যালয় ও হলসমূহের পতাকা উত্তোলন শেষে ১০:৩০টায় শোভাযাত্রা সহকারে টিএসসিতে গমন করা হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শোভাযাত্রায় নেতৃত্ব দেবেন। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ র‌্যালিতে অংশগ্রহণ করবেন। সকাল ১১টায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হবে আলোচনা সভা। দিবসটির এবারের প্রতিপাদ্য বিষয় হলো "অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে উচ্চশিক্ষা"। (২য় পৃষ্ঠায় দেখুন)

## ঢাবি দিবস ২০১৮ উপলক্ষ্যে উপাচার্যের শুভেচ্ছা বাণী



অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান

এ বছরের পয়লা জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় ৯৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন করছে। উচ্চ শিক্ষিত মানবসম্পদ উন্নয়ন, রাজনৈতিক-অর্থনৈতিক মুক্তি, সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং সাংস্কৃতিক স্বাতন্ত্র্য রক্ষায় সকল সামাজিক ও নৈতিক আন্দোলন-সংগ্রামে জাতির আলোকবর্তিকা ঢাকা বিশ্ববিদ্যালয়। ঐতিহাসিকভাবেই বাংলাদেশের সকল শ্রেষ্ঠ অর্জনের অংশীদার এই ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান।

আজ পরম শ্রদ্ধাভরে স্মরণ করছি আমাদের স্বাধীন জাতিসত্তা প্রতিষ্ঠার মহানায়ক, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। শ্রদ্ধার সাথে স্মরণ করছি (২য় পৃষ্ঠায় দেখুন)

### জলবায়ু পরিবর্তন বিষয়ক গবেষণার ফলাফল

## বিশ্বের বৃহত্তম বাস্তুচ্যুতি জনগোষ্ঠীর মধ্যে বাংলাদেশের স্থান পঞ্চম

বিশ্বের বৃহত্তম বাস্তুচ্যুতি জনগোষ্ঠীর মধ্যে বাংলাদেশের স্থান পঞ্চম। বাস্তুচ্যুত মানুষের কারণে ঢাকার পরিবেশ বিপন্ন হচ্ছে, সেবার মান কমছে এবং নগর অর্থনীতির উপর বিরূপ প্রভাব পড়ছে। গত ৬ জুন ২০১৮ আর আই খান




মিলনায়তনে "জলবায়ু পরিবর্তনজনিত নগর সমস্যা ও বাস্তুচ্যুত মানুষের নগরে অভিগমন ও অভিযোজন : ঢাকা মহানগরের উপর গবেষণার ফলাফল প্রকাশ" শীর্ষক সেমিনারে এই তথ্য জানানো হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের নজরুল ইসলাম আরবান স্টুডিও এবং বাংলাদেশ জলবায়ু ট্রাস্টের যৌথ উদ্যোগে এই সেমিনার আয়োজন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে সেমিনারে পরিবেশ ও বনমন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ এমপি প্রধান অতিথি এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের সভাপতি ড. কাজী খলীকুজ্জামান আহমদ ও বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক দীপক কান্তি পাল বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। গবেষণার সারসংক্ষেপ উপস্থাপন করেন গবেষণা প্রকল্প পরিচালক অধ্যাপক ড. নুরুল ইসলাম নাজেম। ধন্যবাদ জ্ঞাপন করেন ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. হাফিজা খাতুন।

পরিবেশ ও বনমন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ এমপি বলেন, বাংলাদেশের ভৌগলিক অবস্থানের কারণে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের ঝুঁকি বেশি। গবেষণার মাধ্যমে সম্ভাব্য ঝুঁকিসমূহ চিহ্নিত করতে হবে এবং সমাধানের উপায় বের করতে হবে। জলবায়ু পরিবর্তনের বিষয়ে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নসহ পরিবেশের সার্বিক উন্নয়নে মানুষের মানসিকতার পরিবর্তন ঘটাতে হবে। তিনি জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় কার্যকর ও টেকসই প্রকল্প গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় সমন্বিত উদ্যোগ গ্রহণের উপর গুরুত্বারোপ করে বলেন, বিশ্বের প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বৃহত্তম বাস্তুচ্যুত দেশসমূহের কর্ম-পরিকল্পনাও এক্ষেত্রে বিশ্লেষণ করা যেতে পারে। জলবায়ু পরিবর্তনসহ পরিবেশ বিষয়ক সার্বিক গবেষণা গতিশীল করতে শিগ্গিরই ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'গ্রীন হাউজ' নির্মাণ করা হবে বলে তিনি জানান।

গবেষণা প্রতিবেদনে জানানো হয়- নদী ভাঙ্গন, বন্যা, সাইক্লোন, জলাবদ্ধতা ও খরার কারণে বাংলাদেশে বাস্তুচ্যুত মানুষের সংখ্যা বাড়ছে। ঢাকা মহানগরের ২০ শতাংশ এলাকাকে জলবায়ু বিপদাপন্ন বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়। এতে বলা হয়, অপরিকল্পিত নগরায়ন ও দুর্বল ড্রেনেজ ব্যবস্থাপনা ঢাকার জলাবদ্ধতার জন্য দায়ী। প্রতিবেদনে ঢাকামুখী অভিবাসনের জন্য নীতিমালা প্রণয়ন, গ্রামে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ, কর্মসংস্থান সৃষ্টি, দরিদ্র জনগোষ্ঠীর স্বার্থে ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন এবং সর্বত্র সুশাসন প্রতিষ্ঠার সুপারিশ করা হয়।



ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের চেয়ারম্যান ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৭ জুন ২০১৮ নবাব নওয়াব আলী চৌধূরী সিনেট ভবনে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট অধিবেশনে সভাপতিত্ব করেন । অধিবেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মো. এনামউজ্জামানসহ সিনেট সদস্যগণ উপস্থিত ছিলেন।

## জাতির পিতার প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করলেন প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন)



ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে দায়িত্বভার গ্রহণ উপলক্ষ্যে গত ১ জুন ২০১৮ ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ পুস্পস্তবক অর্পণ করেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানীসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের বিপুল সংখ্যক শিক্ষক এবং শিক্ষক সমিতির নেতৃবৃন্দ তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন।



গত ৫ জুন ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ড. আবদুল্লাহ ফারুক মিলনায়তনে বিজনেস স্টাডিস অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম এবং মো. এহসানুল হক রচিত ‘ফান্ডামেন্টালস্ অব ইন্স্যুরেন্স’ শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, ঢাবি’র প্রাক্তন উপাচার্য অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী, বাংলাদেশ ব্যাংকের প্রাক্তন গভর্নর অধ্যাপক ড. আতিউর রহমান, অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব মো. ইউনুসুর রহমান, এসিআই লি.-এর চেয়ারম্যান এম আনিস উদ দৌলা, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের সভাপতি শেখ কবির হোসেনসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ। ছবিতে অতিথিদের মোড়ক উন্মোচন করতে দেখা যাচ্ছে।

# আগামীকাল ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস

(১ম পৃষ্ঠার পর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দিবসটি উপলক্ষ্যে সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। বিশ্ববিদ্যালয় দিবসের অনুষ্ঠানমালায় অংশগ্রহণের জন্য তিনি সকল প্রাক্তন শিক্ষার্থীকেও আমন্ত্রণ জানিয়েছেন। গত ২৯ জুন ২০১৮ অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে এক প্রেস ব্রিফিং-এ তিনি এই আমন্ত্রণ জানান। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

প্রেস ব্রিফিং-এ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পূর্বসূরিদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন, বর্তমান পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা-গবেষণা, বিজ্ঞান, প্রযুক্তিসহ জ্ঞানের সকল শাখায় এগিয়ে যাচ্ছে। অসাম্প্রদায়িক চেতনা ও মুক্তিযুদ্ধের আদর্শের উন্নত বাংলাদেশ গড়তে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা নিরলসভাবে কাজ করে যাবেন বলে তিনি আশা প্রকাশ করেন। বিশ্ববিদ্যালয়ের সার্বিক কার্যক্রম দ্রুত ডিজিটালাইজেশনের আওতায় আনা হবে জানিয়ে তিনি বলেন, এক্ষেত্রে ইতোমধ্যেই অনেক সাফল্য অর্জিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আগামী ১লা জুলাই নতুন একটি ওয়েবসাইট উদ্বোধন করা হবে বলেও তিনি জানান। ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসে চারুকলা অনুষদের উদ্যোগে চীনের ইউনান বিশ্ববিদ্যালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌথ চিত্রকর্ম প্রদর্শনী এবং শিশুদের জন্য চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হবে।

এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ, বিভাগ, ইনস্টিটিউট ও হল দিনব্যাপী নিজস্ব কর্মসূচী গ্রহণ করবে। দিবসটি উপলক্ষ্যে ক্যাম্পাস বর্ণাঢ্য সাজে সজ্জিত করা হবে এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রবেশ পথে প্রতিপাদ্য বিষয় উল্লেখ করে তোরণ নির্মাণ করা হবে।

উল্লেখ্য, এ উপলক্ষ্যে গত ১০ জুন ২০১৮ অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপন কমিটির আহ্বায়ক এবং বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

# ঢাবি দিবস ২০১৮ উপলক্ষ্যে উপাচার্যের শুভেচ্ছা বাণী

(১ম পৃষ্ঠার পর) ভাষা আন্দোলন থেকে শুরু করে স্বাধিকার আন্দোলন এবং মহান মুক্তিযুদ্ধের সকল বীর সেনানীসহ অমর শহিদদের।

ঢাকা বিশ্ববিদ্যালয় অন্তর্ভুক্তিমূলক দর্শনের সূতিকাগার। এবারের প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপনের প্রতিপাদ্য হিসেবে নির্ধারিত হয়েছে ‘অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে উচ্চশিক্ষা’। এই প্রতিপাদ্যকে সমুন্নত রেখে বর্তমান পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে শিক্ষা-গবেষণা, বিজ্ঞান ও লাগসই প্রযুক্তিসহ জ্ঞানের প্রতিটি শাখায় ঢাকা বিশ্ববিদ্যালয় সমভাবে এগিয়ে যাবে; গড়ে তুলবে অসাম্প্রদায়িক চিন্তা-চেতনা ও মুক্তিযুদ্ধের আদর্শের কাঙ্ক্ষিত উন্নত এক বাংলাদেশ। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দিনটি উদ্‌যাপনের এই হোক অঙ্গীকার।

ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস ২০১৮ উপলক্ষ্যে আয়োজিত দিনব্যাপী অনুষ্ঠানমালায় আমি সকলকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি। সেই সাথে সকলের প্রতি রইল প্রতিষ্ঠাবার্ষিকীর শুভেচ্ছা ও অভিনন্দন।

(অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান)
উপাচার্য
ঢাকা বিশ্ববিদ্যালয়

# ‘কাজী নজরুল ইসলাম : কিছু প্রশ্ন, কিছু প্রসঙ্গ’ শীর্ষক সেমিনার




ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর ইন্টাররিলিজিয়াস এন্ড ইন্টারকালচারাল ডায়ালগ এবং বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের যৌথ উদ্যোগে “কাজী নজরুল ইসলাম : কিছু প্রশ্ন, কিছু প্রসঙ্গ” শীর্ষক এক সেমিনার গত ৩০ মে ২০১৮ ইতিহাস বিভাগের ড. এ. আর. মল্লিক লেকচার হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। কেন্দ্রের পরিচালক ড. ফাজরীন হুদার সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলা বিভাগের অধ্যাপক ড. বেগম আকতার কামাল। প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কস্থ গ্লোবাল সেন্টার ফর অ্যাডভান্সড স্টাডিজ-এর অধ্যাপক ড. আজফার হোসেন। এতে স্বাগত বক্তব্য প্রদান করেন বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের চেয়ারম্যান ড. ফাদার তপন ডি’ রোজারিও।

# অধ্যাপক মুস্তাফিজুর রহমান-এর মৃত্যুতে উপাচার্যের শোক

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. মুস্তাফিজুর রহমান-এর মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক মুস্তাফিজুর রহমান বিশ্ববিদ্যালয়ের একজন নিষ্ঠাবান শিক্ষক ও গবেষক ছিলেন। প্রাণরসায়ন বিভাগ প্রতিষ্ঠা এবং বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রমে তাঁর অবদান বিশ্ববিদ্যালয় পরিবারের কাছে স্মরণীয় হয়ে থাকবে।

উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

অধ্যাপক মুস্তাফিজুর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের প্রতিষ্ঠাকালীন সময় থেকে বিভাগের সাথে যুক্ত ছিলেন। তাঁর সহধর্মিনী অধ্যাপক ড. নুরুন নাহার রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রি বিভাগ থেকে অবসর গ্রহণ করেন।

উল্লেখ্য, অধ্যাপক মুস্তাফিজুর রহমান গত ৫ জুন ২০১৮ যুক্তরাজ্যে মৃত্যুবরণ করেন। তাঁর মরদেহ দেশে আনার পর ৬ জুন ২০১৮ বাদ জোহর ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদুল জামিয়া’য় তাঁর নামাজে জানাজা সম্পন্ন করা হয়।

# মো. আতাউর রহমান ভূইয়া-এর মৃত্যুতে উপাচার্যের শোক

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রাক্তন শিক্ষক মো. আতাউর রহমান ভূইয়া-এর মর্মান্তিক মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোক বাণীতে উপাচার্য বলেন, মো. আতাউর রহমান ভূইয়া বিশ্ববিদ্যালয়ের একজন নিষ্ঠাবান শিক্ষক ছিলেন। তাঁর মর্মান্তিক মৃত্যুতে আমি গভীর শোকাহত।

উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

মো. আতাউর রহমান ভূইয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৭৩ সালের ডিসেম্বর মাসে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন এবং ১৯৯৪ সাল পর্যন্ত কর্মরত ছিলেন। তিনি ব্যক্তিগত জীবনে চিরকুমার ছিলেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর।

উল্লেখ্য, গত ৮ জুন নরসিংদীর শিবপুরে নিজ বাসভবনে রান্নাঘরের গ্যাসের চুলা থেকে জনাব মো. আতাউর রহমান ভূইয়া-এর শরীরে আগুন লেগে যায় এবং গুরুতর অসুস্থ অবস্থায় ঢাকা মেডিকেল কলেজের বার্ণ ইউনিটে আনার পর তাঁর মৃত্যু হয়।

# ছাত্রনেতৃত্ব ও জাতীয় নেতৃত্বের বিকাশ এবং বিশ্ববিদ্যালয়ের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য ডাকসু নির্বাচন জরুরী- উপাচার্য

(১ম পৃষ্ঠার পর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নামে বরাদ্দ দিয়েছে উল্লেখ করে উপাচার্য বলেন, এই জমির দখল লাভের পর সম্প্রসারিত দ্বিতীয় ক্যাম্পাস নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হবে। তিনি জানান, বিশ্ববিদ্যালয়ের মান ও র‍্যাংকিং উন্নয়নে ১৯৯৬ সালে আওয়ামী লীগ সরকার “উচ্চশিক্ষার্থে শিক্ষকদের বিদেশে প্রশিক্ষণ বৃত্তি” শীর্ষক একটি প্রকল্প চালু করেছিল। পরবর্তী সরকার তা বন্ধ করে দেয়। “বঙ্গবন্ধু ওভারসিস স্কলারশিপ” শিরোনামে বর্তমান সরকার পুনরায় সেটি চালু করার সিদ্ধান্ত নিয়েছে। এই প্রকল্প চালু হলে শিক্ষকদের দক্ষতা বাড়বে। মেধা ও যোগ্যতার ভিত্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগ ও পদোন্নতি নিশ্চিত করা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, পেশাগত উৎকর্ষ সাধনের লক্ষ্যে লেকচারার ও সহকারী অধ্যাপকদের প্রশিক্ষণের আওতায় আনা হয়েছে। বিশ্ববিদ্যালয়ে নৈতিকতা, শৃঙ্খলা ও মূল্যবোধ পরিপন্থি কোন অপরাধ বরদাস্ত করা হবেনা - বলে হুঁশিয়ারী উচ্চারণ করে তিনি বলেন, এক্ষেত্রে দলমত নির্বিশেষে সকলকে বিচারের আওতায় আনা হবে। ফেসবুকে ছাত্রীদের প্রতি অশালীন মন্তব্য এবং জালিয়াতির মাধ্যমে ভর্তি হওয়াসহ বিভিন্ন অসাধু কর্মের জন্য বেশ কয়েকজন শিক্ষার্থীকে শাস্তি দেওয়া হয়েছে বলে তিনি জানান। উপাচার্য বলেন, ২০২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শতবর্ষ উদ্‌যাপনের লক্ষ্যে ২০-সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। এর আগেই পরিচ্ছন্ন ক্যাম্পাস বিনির্মাণের অঙ্গীকার ব্যক্ত করে তিনি বলেন, এক্ষেত্রে সকলকে সচেতন হতে হবে।

উপাচার্যের অভিভাষণের পর ২০১৮-২০১৯ অর্থ বছরের ৭৪১ কোটি ১৩ লাখ টাকার রাজস্ব ব্যয় সংবলিত প্রস্তাবিত বাজেট উপস্থাপন করা হয়। প্রস্তাবিত বাজেটে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে ৬২৮ কোটি ৩১ লাখ টাকা এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় থেকে ৭১ কোটি ২৮ লাখ টাকা পাওয়া যাবে। ফলে এবছর বাজেটে ৪১ কোটি ৫৪ লাখ টাকা ঘাটতি হবে বলে অনুমান করা হচ্ছে। অধিবেশনে ২০১৭-২০১৮ অর্থ বছরের ৭৩৮ কোটি ৭২ লাখ টাকার সংশোধিত বাজেটও উপস্থাপন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন সংশোধিত ও প্রস্তাবিত বাজেটের সার-সংক্ষেপ উপস্থাপন করেন। পরে সিনেট সদস্যগণ বক্তব্য রাখেন।



ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের চেয়ারম্যান ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৭ জুন ২০১৮ নবাব নওয়াব আলী চৌধূরী সিনেট ভবনে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট অধিবেশনে সভাপতিত্ব করেন। অধিবেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মো. এনামউজ্জামানসহ সিনেট সদস্যগণ উপস্থিত ছিলেন। ছবিতে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনকে সংশোধিত ও প্রস্তাবিত বাজেটের সার-সংক্ষেপ উপস্থাপন করতে দেখা যাচ্ছে।




ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের আয়োজনের গত ২২ মে ২০১৮ কলাভবনের শিক্ষক লাউঞ্জে এক ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেনসহ বিভিন্ন অনুষদের ডিন, বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষকবৃন্দ এবং অনুষদের বিপুল সংখ্যক শিক্ষক উপস্থিত ছিলেন।



বিডি ক্লিনের উদ্যোগে গত ৩ জুন ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণে পরিচ্ছন্নতা কর্মসূচীর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

## একেডিএন রেসিডেন্ট ডিপ্লোমেটিক রিপ্রেজেনটেটিভ

আগা খান ডেভেলমমেন্ট নেটওয়ার্ক (একেডিএন)-এর রেসিডেন্ট ডিপ্লোমেটিক রিপ্রেজেনটেটিভ মুনির এম. মেরালি গত ২৯ মে ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইউনিভার্সিটি অব সেন্ট্রাল এশিয়া'র মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী বিনিময় নিয়েও মত বিনিময় করা হয়। বাংলাদেশের স্বাস্থ্য খাতের উন্নয়নে তারা দক্ষ নার্স তৈরীর ওপর গুরুত্বারোপ করেন। বিভিন্ন নার্সিং ইনস্টিটিউটে পাঠদান পদ্ধতি আধুনিকায়নের লক্ষ্যে শিক্ষক ও নার্সদের প্রশিক্ষণ প্রদানে একেডিএন রিপ্রেজেনটেটিভ আগ্রহ প্রকাশ করেন। একেডিএন-এর আর্থিক সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি পেশাগত প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের ব্যাপারেও বৈঠকে আলোচনা করা হয়। এসব বিষয়ে শিগগিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে তারা ঐকমত্যে পৌঁছেন।

উল্লেখ্য, আগা খান ডেভেলমমেন্ট নেটওয়ার্ক (একেডিএন)-এর পৃষ্ঠপোষকতায় ২০০০ সালে ইউনিভার্সিটি অব সেন্ট্রাল এশিয়া প্রতিষ্ঠা করা হয়। কাজাখস্তান, কিরগিজ প্রজাতন্ত্র ও তাজিকিস্তানে ইউনিভার্সিটি অব সেন্ট্রাল এশিয়ার পৃথক ৩টি ক্যাম্পাস রয়েছে।

## জাপানী অধ্যাপকদ্বয়

জাপানের নারা উইমেন্স ইউনিভার্সিটির অধ্যাপক ড. সাচিকো হায়াশিদা এবং অধ্যাপক ড. ফুগো তাকাসু গত ২৬ জুন ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল এবং সমুদ্র বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: কাউসার আহাম্মদ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের নারা উইমেন্স ইউনিভার্সিটির মধ্যে চলমান পরিবেশ, বায়ু দূষণ ও গ্রীনহাউজ গ্যাস বিষয়ক যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার ব্যাপারে আলোচনা করেন।

উল্লেখ্য, শিক্ষা ও গবেষণা উন্নয়নের লক্ষ্যে দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে ইতোমধ্যেই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্রী বৃত্তি নিয়ে নারা উইমেন্স ইউনিভার্সিটিতে উচ্চ শিক্ষার জন্য আগামী সেপ্টেম্বর মাসে জাপান যাবেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের জন্য বৃত্তির এই সংখ্যা বৃদ্ধির ব্যাপারে বৈঠকে আলোচনা করা হয়।

## রাশিয়া প্রতিনিধি

ঢাকাস্থ রাশিয়া বিজ্ঞান ও সংস্কৃতি কেন্দ্রের পরিচালক আলেকজান্ডার পি ডেমিন গত ৭ জুন ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রাশিয়ার এমজিআইএমও ইউনিভার্সিটির মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী বিনিময় নিয়েও বৈঠকে আলোচনা করা হয়। এ সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে তারা ঐকমত্য প্রকাশ করেন।



জাপানের নারা উইমেন্স ইউনিভার্সিটির অধ্যাপক ড. সাচিকো হায়াশিদা এবং অধ্যাপক ড. ফুগো তাকাসু গত ২৬ জুন ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল এবং সমুদ্র বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: কাউসার আহাম্মদ উপস্থিত ছিলেন।



আগা খান ডেভেলমমেন্ট নেটওয়ার্ক (একেডিএন)-এর রেসিডেন্ট ডিপ্লোমেটিক রিপ্রেজেনটেটিভ মুনির এম. মেরালি গত ২৯ মে ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



ঢাকাস্থ রাশিয়া বিজ্ঞান ও সংস্কৃতি কেন্দ্রের পরিচালক আলেকজান্ডার পি ডেমিন গত ৭ জুন ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

### ঢাবি সাংবাদিক সমিতির মতবিনিময় সভা ও ইফতার

# ঢাকা বিশ্ববিদ্যালয় সবসময় ভিন্ন মত ও দর্শন লালন করে-উপাচার্য




ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষ পূর্তিকে সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির উদ্যোগে 'কেমন চাই আগামীর ঢাকা বিশ্ববিদ্যালয়' শীর্ষক এক মতবিনিময় সভা ও ইফতার অনুষ্ঠান গত ১ জুন ২০১৮ বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্রের ক্যাফেটেরিয়ায় অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী, বিজয় একাত্তর হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া, জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকার প্রমুখ। সমিতির সদস্যবৃন্দ মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এতে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সভাপতি আসিফ ত্বাসীন এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন সমিতির সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান নয়ন।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, ২০২১ সালে এমন একটি বিশ্ববিদ্যালয় চাই যা অত্যন্ত পরিকল্পিত, দূরদর্শী দৃষ্টিভঙ্গি নিয়ে সামনের দিনগুলোতে বিভিন্ন সমস্যা সমাধান করতে পারে। সেই ভিত্তিতে সুপরিকল্পিতভাবে সমন্বিত কিছু পদক্ষেপ নিয়ে আমরা ২০২১ সালের ঢাকা বিশ্ববিদ্যালয় বিনির্মাণ করতে চাই। ঢাকা বিশ্ববিদ্যালয় সব সময় ভিন্ন মত ও দর্শন লালন করে। বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি সব মতের মিলনের এই ঐতিহ্যকে ধারণ করার জন্য সমিতিকে উপাচার্য ধন্যবাদ জানান।

প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বলেন, 'সাংস্কৃতিক মূল্যবোধ, ছাত্র-শিক্ষক সম্পর্ক, অভিভাবক ও সন্তানের সম্পর্ক, ইতিহাস ও ঐতিহ্য নিয়ে আমরা কাজ করছি। এর মাধ্যমেই একটা দেশজ মূল্যবোধ গড়ে উঠবে। মূল ধারার সংস্কৃতির চর্চা করতে হবে। সত্য ও ইতিহাসের উপর যদি সংস্কৃতি দাঁড়ায় তবে আমরা যে আগামীর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কথা বলছি সেটি বাস্তবায়ন হবে।'

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত চুয়াডাঙ্গার শিক্ষার্থীদের ইফতার



ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত চুয়াডাঙ্গা জেলার শিক্ষার্থীদের সংগঠন 'ঢাকা ইউনিভার্সিটি স্টুডেন্টস অ্যাসোসিয়েশন অব চুয়াডাঙ্গা (ডুসাক)-এর উদ্যোগে গত ৩১ মে ২০১৮ বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক কেন্দ্র মিলনায়তনে ইফতার পার্টির আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হিসেবে নিজেদের গড়ার পাশাপাশি দেশের মানুষের জন্য কাজ করে যেতে হবে। ভালো ছাত্র হওয়ার পাশাপাশি, ভালো মানুষ হতে হবে।'

এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব অ্যাডভোকেট সাইফুজ্জামান শেখর, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. জীনাত ইমতিয়াজ আলী, ডুসাকের প্রধান পৃষ্ঠপোষক সাংবাদিক আহমেদ পিপুল প্রমুখ। এতে সভাপতিত্ব করেন ডুসাকের সভাপতি হাসানুজ্জামান পলাশ। অনুষ্ঠান সঞ্চালনা করেন ডুসাকের সাধারণ সম্পাদক ইশতিয়াক বুলবুল পিয়াশ।

# ঢাবি বরিশাল বিভাগীয় কল্যাণ সমিতির ইফতার



ঢাকা বিশ্ববিদ্যালয় বরিশাল বিভাগীয় কল্যাণ সমিতির আয়োজনে গত ২৮ মে ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক ইফতার মাহ্‌ফিল অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠানে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. অহিদুজ্জামান, ঢাকা বিশ্ববিদ্যালয় বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের অনারারি অধ্যাপক ড. কাজী নূরুল ইসলাম, প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. নুরজাহান সরকার, ইসলামিক স্টাডিজ বিভাগের অনারারি অধ্যাপক মুহাম্মদ আবদুল মালেক বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এতে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি ও দর্শন বিভাগের অধ্যাপক আবু জাফর মোহাম্মদ সালেহ এবং অনুষ্ঠান সঞ্চালন করেন সমিতির সাধারণ সম্পাদক মো. ছরোয়ার হোসেন। ছবিতে উপাচার্যকে প্রধান অতিথির বক্তব্য রাখতে দেখা যাচ্ছে।

# প্রাচ্যকলা বিভাগের উদ্যোগে সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাচ্যকলা বিভাগের উদ্যোগে এক সেমিনার গত ১৫ মে ২০১৮ চারুকলা অনুষদের লেকচার থিয়েটার হলে অনুষ্ঠিত হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন।



সেমিনারে "গৌড়ীয় নৃত্য : বাংলার মূর্তি ও চিত্রকলা" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের রবীন্দ্র অধ্যাপক ড. মহুয়া মুখোপাধ্যায়। প্রবন্ধের বিষয়ের সাথে প্রাসঙ্গিক মুদ্রা উপস্থাপন করেন নৃত্যকলা বিভাগের প্রভাষক এগনেস র‍্যাচেল প্যারিস।




ঢাকা বিশ্ববিদ্যালয় সমুদ্রবিজ্ঞান বিভাগ এবং ইন্টারন্যাশনাল সেন্টার ফর ওশান গভর্নেন্স-এর যৌথ উদ্যোগে গত ৮ জুন ২০১৮ "Clean Our Ocean" প্রতিপাদ্য নিয়ে বিশ্ব সমুদ্র দিবস-২০১৮ পালন করা হয়েছে। এ উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এক র‍্যালির উদ্বোধন করেন। তাঁর নেতৃত্বে কার্জন হল প্রাঙ্গণ থেকে র‍্যালিটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

# ভাস্কর শিল্পী আইভি জামানের ৪র্থ একক ভাস্কর্য ও পেইন্টিং প্রদর্শনী



বাংলাদেশ জাতীয় জাদুঘরের উদ্যোগে ও অবিন্তা গ্যালারি অব ফাইন আর্টস-এর সহযোগিতায় ভাস্কর শিল্পী আইভি জামানের 'সাহসী ভাস্কর্যের ভুবন" শীর্ষক ৪র্থ একক ভাস্কর্য ও পেইন্টিং প্রদর্শনী গত ২৫ জুন ২০১৮ জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে শুরু হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রখ্যাত শিক্ষাবিদ অধ্যাপক ড. বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর, বিশিষ্ট কার্টুনিস্ট অধ্যাপক রফিকুন নবী, প্রখ্যাত নগরবিদ অধ্যাপক নজরুল ইসলাম, বিশিষ্ট চিত্রশিল্পী অধ্যাপক সমরজিৎ রায় চৌধুরী এবং সামিট গ্রুপের চেয়ারম্যান মো. আজিজ খান।

প্রদর্শনী চলবে ২৫ জুন-১০ জুলাই ২০১৮ প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত।

# 'অ্যাডভান্সড সার্টিফিকেশন ফর ম্যানেজমেন্ট প্রফেশনালস' কোর্সে প্রশিক্ষণপ্রাপ্তদের মাঝে সার্টিফিকেট বিতরণ



দেশের আইটি কোম্পানীগুলোর মধ্যম স্তরের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের জন্য চালু হওয়া 'অ্যাডভান্সড সার্টিফিকেশন ফর ম্যানেজমেন্ট প্রফেশনালস (এসিএমপি)' কোর্সে প্রশিক্ষণপ্রাপ্তদের সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠান গত ৩১ মে ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তফা জব্বার প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন। এতে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. এ কে এম সাইফুল মজিদ।

উল্লেখ্য, গত ৫ অক্টোবর ২০১৭ সালে প্রথমবারের মতো ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটে 'অ্যাডভান্সড সার্টিফিকেশন ফর ম্যানেজমেন্ট প্রফেশনালস (এসিএমপি)' ফোর ডট ও কোর্স চালু করা হয়। কোর্সে ৮টি ব্যাচে প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা ৩৫৮জন।

# শিক্ষা ও গবেষণা খাতে বাজেট বরাদ্দ আরও বাড়ানো দরকার-উপাচার্য



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতীয় বাজেটে শিক্ষা ও গবেষণা খাতে বরাদ্দ আরও বৃদ্ধির আহ্বান জানিয়ে বলেছেন, দক্ষ জনবল ছাড়া সামগ্রিক আর্থ-সামাজিক উন্নয়ন সম্ভব নয়। দক্ষ জনবল তৈরীর লক্ষ্যেই শিক্ষা খাতে বরাদ্দ বাড়ানো উচিত। গত ১২ জুন ২০১৮ অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল কক্ষে অনুষ্ঠিত বাজেট পরবর্তী আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার অন বাজেট এন্ড পলিসি এই আলোচনা সভার আয়োজন করে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. তৈয়েবুর রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ও সেন্টার অন বাজেট এন্ড পলিসি-এর পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফ মূল প্রবন্ধ উপস্থাপন করেন। আলোচনায় অংশ নেন অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শফিক উজ্ জামান, কমনওয়েলথ সচিবালয়ের আন্তর্জাতিক বাণিজ্য শাখার সাবেক প্রধান ড. এম এ রাজ্জাক ও বিআইডিএস-এর সিনিয়র রিসার্চ ফেলো ড. নাজনীন আহমেদ। স্বাগত বক্তব্য দেন ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. কাজী মারুফুল ইসলাম।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে যথাসময় বাজেট বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করে বলেন, বাজেটের সুফল সাধারণ মানুষের কাছে পৌছে দিতে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। বিস্তারিত মূল্যায়ন ও বিশ্লেষণের জন্য সংসদে উপস্থাপনের আগেই তিনি জাতীয় বাজেটের তথ্যাবলি জনসম্মুখে প্রকাশের পরামর্শ দেন।

মূল প্রবন্ধে কাঙ্ক্ষিত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, বেসরকারি খাতে বিনিয়োগ বৃদ্ধি, দারিদ্র বিমোচন ও আর্থিক বৈষম্য নিরসন করে টেকসই উন্নয়নের ওপর গুরুত্বারোপ করা হয়। এ লক্ষ্যে শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক নিরাপত্তা খাতে বিনিয়োগ বাড়ানোর আহ্বান জানানো হয়। এতে বলা হয়, বাজেট প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে আরও কার্যকর কৌশল গ্রহণ করা প্রয়োজন। ভ্যাট, কাস্টম ডিউটি ও আয়কর খাতে কোনো উল্লেখযোগ্য সংস্কার না করে ৩০ ভাগ রাজস্ব আদায় সম্ভব নয় বলেও প্রবন্ধে মন্তব্য করা হয়। ব্যাংকিং খাতে প্রণোদনা দানের বিষয়টি রাজস্ব খাতে অস্থিরতা আনবে উল্লেখ করে প্রবন্ধকার বলেন, দ্রুত সংস্কার কমিশন গঠন করে ব্যাংকিং খাতের দুর্বলতা ও অস্থিরতা দূর করতে হবে। জাতীয় বাজেটের সুষ্ঠু বাস্তবায়ন ও অপচয় রোধে তিনি অর্থবছরের সময়সীমা জুলাই-জুন এর পরিবর্তে এপ্রিল-মার্চ করার প্রস্তাব দেন।

# ড. মুহম্মদ শহীদুল্লাহ হল ট্রাস্ট ফান্ডের মূলধন বৃদ্ধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠিত "ড. মুহম্মদ শহীদুল্লাহ হল ট্রাস্ট ফান্ড"-এর মূলধন বৃদ্ধি করা হয়েছে। এই মূলধন বৃদ্ধির লক্ষ্যে ড. মুহম্মদ শহীদুল্লাহ হলের প্রভোস্ট অধ্যাপক ড. মো. আইনুল ইসলাম ১৫ লাখ টাকার একটি চেক গত ২৪ জুন ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল মো. আব্দুল আজিজ, জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: ইমদাদুল হক, ফার্মেসী অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম আব্দুর রহমান এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় ড. মুহম্মদ শহীদুল্লাহ হলের ৮জন মেধাবী



উদ্দীনের কাছে হস্তান্তর করেন। হলের বিভিন্ন অভ্যন্তরীণ খাত থেকে অনুদানের এই অর্থ সংগ্রহ করা হয়।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড.

ছাত্রকে বৃত্তি' প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুদানের জন্য হলের প্রভোস্টকে ধন্যবাদ জানান। এই ট্রাস্ট ফান্ডের মাধ্যমে হলের ছাত্ররা উপকৃত হবে এবং লেখাপড়ায় আরও উৎসাহিত ও মনোযোগী হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

# বিশ্ব পরিবেশ দিবস পালিত




'বিট প্লাস্টিক পলিউশন' প্রতিপাদ্য নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ৫ জুন ২০১৮ বিশ্ব পরিবেশ দিবস পালন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবেশ সংসদের আয়োজনে দিবসটি পালন উপলক্ষে বিশ্ববিদ্যালয় উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ।

প্রধান অতিথির বক্তব্যে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বলেন, বৈশ্বিক পরিবেশ আজ হুমকির মুখে। বাংলাদেশের গ্রাম গঞ্জের যে পরিবেশ ছিল আজ তা নেই। এছাড়াও বিভিন্ন ধরনের প্রকল্প বাস্তবায়নেও পরিবেশ দূষিত হচ্ছে। পরিবেশ দূষণ সম্পর্কে সচেতনতা সৃষ্টি করতে হবে। যারা পরিবেশ দূষিত করছে তাদের বিরুদ্ধে সামাজিক আন্দোলন করার জন্য তরুণ সমাজের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা থাকা প্রয়োজন। কেননা তরুণ সমাজের অংশগ্রহণেই দেশের অর্থনৈতিক, সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হয়।

সংসদের সভাপতি মোহাম্মদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি ছিলেন 'ডিজাস্টার রিসার্চ, ট্রেইনিং এন্ড ম্যানেজমেন্ট সেন্টারের পরিচালক অধ্যাপক ড. এ কিউ এম মাহবুব এবং ঢাবি পরিবেশ সংসদের প্রধান উপদেষ্টা ও সহকারি প্রক্টর ড. এ কে লুৎফুল কবির। অনুষ্ঠানে 'ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড সেফটি ওয়ার্কশপ' এ অংশগ্রহণকারীদের হাতে সার্টিফিকেট ও ক্রেস্ট তুলে দেন প্রধান অতিথি।

এর আগে দিবসটি পালন উপলক্ষে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ-এর নেতৃত্বে ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণ থেকে এক বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়। র‌্যালিটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

# বিশ্ব বাই সাইকেল দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে শোভাযাত্রা



বিশ্ব বাই সাইকেল দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ সাইকেল লেন বাস্তবায়ন পরিষদের উদ্যোগে গত ৩ জুন ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণ থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রার উদ্বোধন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শোভাযাত্রার উদ্বোধন করেন।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, জাতিসংঘে অনুষ্ঠিত ৭২তম নিয়মিত অধিবেশনের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী এখন থেকে প্রতিবছর এই দিনে বিশ্ব বাই সাইকেল দিবস পালন করা হবে। এবারে প্রথমবারের মতো পালিত হলো এই দিবস। তিনি আরও বলেন, টেকসই উন্নয়নের বড় চ্যালেঞ্জ হলো দুষণমুক্ত নির্মল পরিবেশ সৃষ্টি করা। বাই সাইকেল এমন একটি বাহন যা সম্পূর্ণ পরিবেশবান্ধব।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাই সাইকেল লেন বাস্তবায়ন পরিষদের সভাপতি আমিনুল ইসলাম টুববুস।

**সম্পাদক: মাহমুদ আলম,** উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫